এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরনের নিমিত্ত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ

১। **পরিকল্পনা ও উন্নয়ন পরিদপ্তর**

৳ঃ ২২২৫০-৩১২৫০/- বেতন স্কেলে উপ-পরিচালক-এর ১(এক)টি স্থায়ী পদ।

২। **পরীক্ষা নিয়ন্ত্রক অফিস**

ক) ৳ঃ ১৫০০০-২৬২০০/- বেতন স্কেলে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-এর ১(এক)টি স্থায়ী পদ।

খ) ৳ঃ ১১০০০-২০৩৭০/- বেতন স্কেলে প্রশাসনিক অফিসার-এর ১(এক)টি স্থায়ী পদ।

গ) ৳ঃ ১১০০০-২০৩৭০/- বেতন স্কেলে সহকারী প্রোগ্রামার-এর ১(এক)টি স্থায়ী পদ।

৩। **যন্ত্রকৌশল অনুষদ**

৳ঃ ১১০০০-২০৩৭০/- বেতন স্কেলে প্রশাসনিক অফিসার-এর ১(এক)টি স্থায়ী পদ।

৪। **প্রকৌশল অফিস**

৳ঃ ১১০০০-২০৩৭০/- বেতন স্কেলে সহকারী প্রকৌশলী (টেলিকম, লিফ্‌ট, পি.এ সিস্টেম)-এর ১(এক)টি স্থায়ী পদ।

৫। **ডি.এ.ই.আর.এস**

ক) ৳ঃ ৮০০০-১৬৫৪০/- বেতন স্কেলে ফাউন্ড্রি এন্ড প্যাটার্ন শপের সহকারী ফোরম্যান ইন্সট্রাক্টর-এর ১(এক)টি স্থায়ী পদ।

খ) ৳ঃ ৮০০০-১৬৫৪০/- বেতন স্কেলে মেশিন শপের সহকারী ফোরম্যান ইন্সট্রাক্টর-এর ১(এক)টি স্থায়ী পদ।

বিঃ দ্রঃ- ক্রমিক নং- ৫(খ)-তে বর্ণিত পদ ব্যতীত অন্য সকল পদের জন্য ইতিপূর্বে আবেদনকারীগণের (দরখাস্ত দাখিলের শেষ তারিখ ছিল যথাক্রমে ১২/৮/২০১২, ২৯/২/২০১২, ৩১/৫/২০১১, ২১/১০/২০১২, ৬/৭/২০১১, ১৭/৪/২০১২ ও ১৭/৪/২০১২) অতিরিক্ত কোন তথ্য সংযোজনের প্রয়োজন না থাকিলে পুনরায় আবেদনের প্রয়োজন নাই।

**দরখাস্ত দাখিলের শেষ তারিখ ঃ ১৮/৩/২০১৩**

**উপরোক্ত পদ সমূহের নির্ধারিত যোগ্যতার বিবরণ নিম্নরূপ ঃ**

***উপ-পরিচালক***

প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে কমপক্ষে মাস্টার্স ডিগ্রীধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং ১ম শ্রেণীর পদে অফিসার হিসেবে প্রশাসনিক কাজে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে, তন্মধ্যে সহকারী পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন বা সমমানের পদে অবশ্যই ৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম/ বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কাজে অভিজ্ঞতাসম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। **অথবা**

* প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে ২০ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সহকারী পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন বা সমমানের পদে (প্রথম শ্রেণীর পদে) কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। কম্পিউটার ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম/ বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের পরিকল্পনা ও উন্নয়ন এবং ক্রয় সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

***সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক***

প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে কমপক্ষে মাস্টার্স ডিগ্রীধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং প্রশাসনিক অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণীর পদে পরীক্ষা সংশ্লিষ্ট কাজে/প্রশাসনিক কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/ শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতাসম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। **অথবা**

* প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে ১০ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম/ বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কাজে অভিজ্ঞতাসম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

**বিঃ দ্রঃ * বর্ণিত যোগ্যতা কেবলমাত্র BUET-এ বর্তমানে কর্মরত প্রার্থীদের জন্য প্রযোজ্য। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য।**

পরবর্তী পাতায়/২

***প্রশাসনিক অফিসার***

সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে স্নাতকোত্তর ডিগ্রী + কোনো প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/ প্রধান সহকারী বা সমমান পদে কর্মরত এবং প্রশাসনিক কাজে উচ্চমান সহকারী বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে মোট ৮ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। **অথবা**

সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী হতে হবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ

১। বাংলা ও ইংরেজী ভাষায় ভাল লিখনী ক্ষমতাসহ কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং ও ডাটাবেস-এর কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
২। অভ্যন্তরীন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা স্নাতক প্রযোজ্য অথবা যে কোন ২টি স্তরে শ্রেণী/ বিভাগ শিথিলসহ স্নাতকোত্তর প্রযোজ্য।

***সহকারী প্রোগ্রামার***

১। প্রার্থীকে বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী অথবা পদার্থবিদ্যা/ফলিত পদার্থবিদ্যা/ গণিত/ পরিসংখ্যান/ বাণিজ্য/ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ ব্যবসায় প্রশাসনে মাস্টার্স ডিগ্রীধারী হইতে হইবে।

২। প্রার্থীকে সংশ্লিষ্ট প্রফেশন্যাল সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। ইহা প্রকৌশলীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

***সহকারী প্রকৌশলী (টেলিকম, লিফ্ট, পি.এ সিস্টেম)***

বি.এসসি. ইঞ্জিঃ (বিদ্যুৎ) সহ পিএবিএক্স-এর উপর প্রশিক্ষণ প্রাপ্ত এবং অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

***সহকারী ফোরম্যান ইন্সট্রাক্টর***

A Diploma or its equivalent in the relevant branch of a technology from a recognised university/ polytechnic Institute or Board of Technical Education. Preference will be given to those having technical experience in the relevant branch of technology in a recognised workshop.

এই বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার-এর অনুকূলে প্রদেয় ৳ঃ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (ঢাকা মহানগরস্থ যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ রেজিস্ট্রার অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে (সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক) রেজিস্ট্রার-এর বরাবরে আবেদন (১০ সেট) দাখিল করিতে হইবে। প্রত্যেক সেটের সাথে সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট ও মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

বিদেশী ডিগ্রীধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-2) ব্যক্তিগতভাবে অথবা প্রয়োজনীয় ডাকটিকেটসহ ঠিকানা সম্বলিত খাম পাঠাইয়া এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার-এর অফিস হইতে সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না।

চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

(প্রফেসর ডঃ এ কে এম মাসুদ)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/রে- ৩৭৪৪(৬০)　　　　তারিখঃ ২৭.২.২০২৬

**বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ঃ-**

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ।

২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ।